

অতি জরুরি
ই-মেইল মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd


পত্র সংখ্যা-৩৩.০০.০০০০.১০৯.০৬.০২২.১৭.৫৭৪

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৬
১ জুলাই ২০১৯

বিষয়ঃ- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এবং চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ২৭ জুন, ২০১৯ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এবং চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ প্রস্থ।


(মোঃ শফিকুল ইসলাম) ০২.০৭.২০১৯
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০৪০৭।

ই-মেইল: administration-3@mofl.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতা অনুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) ও শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সচিব (সমরয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ- উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)।
- ২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এবং চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময়: ২৭ জুন ২০১৮ খ্রিঃ; বেলা ১০.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো এবং চতুর্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কমিটির সদস্যগণের বিবরণ নিম্নরূপঃ

(১)	কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(২)	জনাব সুবোল বোস মনি, অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৩)	জনাব অসীম কুমার বাল্লা, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৪)	ড. এ কে এম মনিরুল হক, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৫)	জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৬)	জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

২। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট কাজী ওয়াছি উদ্দিন আলোচনার বিষয় সভায় উপস্থাপন করেন।

(১) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন সময়মত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। এ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধানগণ কর্তৃক নিয়ন্ত্রিত অধিশাখা/শাখায় জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত উদ্ভুদ্ধকরণের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ ত্রৈমাসিক প্রতিবেদন সময়মত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং সকল অনুবিভাগ প্রধানগণ কর্তৃক নিয়ন্ত্রিত অধিশাখা/শাখায় জাতীয় শুদ্ধাচার বিষয়ে উদ্ভুদ্ধকরণের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) আলোচনাঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০১৯-২০২০ অর্থবছরের খসড়া কর্মপরিকল্পনা অনুমোদনঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০১৯-২০২০ অর্থবছরের এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো সভায় উপস্থাপন ও বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০১৯-২০২০ অর্থবছরের এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হলো।

(৩) আলোচনাঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রস্তুত ২০১৮-২০১৯ অর্থবছরের চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদনঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রস্তুত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় ও এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রস্তুতকৃত ২০১৮-২০১৯ অর্থবছরের চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হলো।

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০/৬/২০১৯
(মোঃ রইছউল আলম মন্ডল)
সচিব